

## 💵 মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম পরিচ্ছেদ: হজ ও উমরায় নারীর বিশেষ বিধান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

১৬. নারীর জন্য মসজিদে নববী যিয়ারত করা মুস্তাহাব:

সালাত আদায় ও দো'আ করার উদ্দেশ্যে নারীর মসজিদে নববী যিয়ারত করা মুস্তাহাব, তবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কবর যিয়ারত করা তার পক্ষে জায়েয নয়। কারণ, কবর যিয়ারত থেকে তাকে নিষেধ করা হয়েছে।

শাইখ মুহাম্মাদ ইবন ইবরাহীম স্বীয় ফতোয়া সমগ্রে: (৩/২৩৯) বলেন: নারীদেরকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কবর যিয়ারত থেকে বারণ করাই বিশুদ্ধ মত। দু'টি কারণে:

প্রথমত: নিষেধাজ্ঞার দলীল ব্যাপক, দলীল ব্যাপক হলে বিনা দলীলে কাউকে তার থেকে খাস করা জায়েয নয়।
দ্বিতীয়ত: নিষেধ করার হিক্মত এখানেও বিদ্যমান। সমাপ্ত।

শাইখ আব্দুল আযীয় ইবন বায় রহ. বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কবর যিয়ারত শুধু পুরুষদের জন্য খাস, নারীদের জন্য কোনো কবর যিয়ারত বৈধ নয়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যিয়ারতকারীনী মহিলাদেরকে লা'নত করেছেন:

»لعن زوارات القبور من النساء، والمتخذين عليها المساجد والسرج«

"তিনি কবর যিয়ারতকারী নারীদের লা'নত করেছেন এবং যারা কবরের ওপর মসজিদ তৈরি করে ও বাতি জ্বালায়"।[1]

সালাত ও দো'আর জন্য নারীদের মসজিদে নববীতে যাওয়া বৈধ, অন্যান্য ইবাদতের জন্যও যাওয়া বৈধ, যা সকল মসজিদে সবার জন্য বৈধ। সমাপ্ত।

## ফুটনোট

[1] তিরমিযী, হাদীস নং ১০৫৬; ইবন মাজাহ হাদীস নং ১৫৭৬; আহমদ (২/৩৫৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14729

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন